দৈনিক সংবাদ

তারিখ ... JUL 29 199[illegible]
পৃষ্ঠা ২ কলাম ৩

24

বিসিএস সাঃ শিক্ষা সমিতি

# দেড় মাসের মধ্যে দাবি না মানলে কলেজ বন্ধ কর্মসূচি

(নিজস্ব বার্তা পরিবেশক)

আগামী ৪৫ দিনের মধ্যে সাধারণ শিক্ষা ক্যাডারের সদস্যদের অর্জিত ছুটি এবং ক্যাডার ও ক্যাডার বহির্ভূত শিক্ষকদের আলাদা তালিকা করে পদোন্নতি প্রদান করা না হলে দেশের সকল কলেজ বন্ধ করে দেয়ার কর্মসূচি ঘোষণা করা হবে।

গতকাল বুধবার শিক্ষা ভবন চত্বরে বিসিএস সাধারণ শিক্ষা সমিতি আয়োজিত শিক্ষক সমাবেশে এ ঘোষণা দেয়া হয়।

অধ্যাপক জাহানারা বেগমের সভাপতিত্বে অনুষ্ঠিত শিক্ষক সমাবেশে বক্তব্য রাখেন সমিতির মহাসচিব মোঃ কফিল উদ্দিন